

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd

জনকল্যাণে রাজস্ব


প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

৯-১১ সেপ্টেম্বর ০৩ (তিন) দিন কাস্টমস হাউজ (ঢাকা, চট্টগ্রাম, মংলা, পানগাঁও, বেনাপোল)
আইসিডি কমলাপুর, কাস্টমস বন্ড কমিশনারেট (ঢাকা ও চট্টগ্রাম) খোলা থাকবে

রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের আমদানি-রপ্তানি বাণিজ্য সচল রাখার লক্ষ্যে আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে আগামী ৯ সেপ্টেম্বর হতে ১১ সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ০৩ (তিন) দিন কাস্টমস হাউজ (ঢাকা, চট্টগ্রাম, মংলা, পানগাঁও, বেনাপোল), আইসিডি কমলাপুর, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ও চট্টগ্রাম খোলা থাকবে। একই উদ্দেশ্যে একই সাথে এসব কাস্টম হাউজ/স্টেশনে সংশ্লিষ্ট বন্দর, ব্যাংক ও অন্যান্য অত্যাবশ্যক স্টেকহোল্ডিং প্রতিষ্ঠানও খোলা রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড।

এসময়ের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারগণ তাঁর দপ্তরের ন্যূনতম সংখ্যক কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখার ব্যবস্থা করা এবং কর্মকর্তা-কর্মচারী ও স্টেকহোল্ডারদের অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করতে নির্দেশনা জারি করেছে জাতীয় রাজস্ব বোর্ড।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া